

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা


নোটিশ

তারিখ: ২৪/০৪/২০২৪ খ্রি.

উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের অবহিত করা যাচ্ছে যে, ২০১৯-২০২০ থেকে ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতাধীন সমন্বিত কর্মসূচির ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক হিসাব এবং 'নগদ' একাউন্ট ব্যতীত অন্যান্য মোবাইল ব্যাংকিং একাউন্টসমূহ 'নগদ' এ রূপান্তর করতে হবে। 'নগদ' ব্যতীত অন্যান্য মোবাইল ব্যাংকিং হিসাব (বিকাশ, রকেট, শিওর ক্যাশ, এমক্যাশ) নম্বরধারী শিক্ষার্থীদের একাউন্টসমূহ গ্রহণযোগ্য হবে না। তার জন্য বাবা-মায়ের এনআইডি, ছাত্রের জন্ম নিবন্ধন নম্বর ও নতুন নগদ একাউন্ট নম্বরসহ বিদ্যালয়ের অফিস কক্ষে আগামী ২৮/০৪/২০২৪ খ্রি. তারিখ রবিবার সকাল ১১:০০ টার মধ্যে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেলো। এ বিষয়ে শ্রেণি শিক্ষকগণ ছাত্রদেরকে অবহিত করবেন।

বিশেষ দৃষ্টব্য :

- HSP-MIS সফটওয়্যারে পিতাকে অভিভাবক হিসেবে নির্বাচন করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে 'নগদ' একাউন্ট নম্বর খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে পিতার নাম এন্ট্রি করতে হবে।
- একইভাবে অভিভাবক হিসেবে মাতাকে নির্বাচন করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে 'নগদ' একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে মাতার নাম এন্ট্রি করতে হবে।
- পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/অন্যান্য) অভিভাবক হিসেবে নির্বাচন করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার ((NID) করে 'নগদ' একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসেবে তাঁর নাম এন্ট্রি করতে হবে।


২৪.০৪.২৪
(মোহাম্মদ আবদুল হাফিজ)
প্রধান শিক্ষক
কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা